মেহেরপুরের কুতুবপুরে ইউনিয়ন তাঁতীলীগের কর্মী সমাবেশ

কুতুবপুর ইউনিয়ন তাঁতী লীগের উদ্যোগে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে৷

সোমবার সন্ধ্যায় কুতুবপুর মডেল ক্লাবের সামনে এই কর্মী সমাবেশের আয়োজন করা হয়৷

সমাবেশে সভাপতিত্ব করেন কুতুবপুর ইউনিয়ন তাঁতী লীগের সভাপতি আরিফুর রহমান।

সমাবেশে বক্তব্য দেন কুতুবপুর ৪ নম্বর ওয়ার্ডের সাবেক মেম্বার আব্দুল আওয়াল, সাবেক ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মনোয়ার হোসেন মজনু, কুতুবপুর ৪ নম্বর ওয়ার্ড তাঁতী লীগ সভাপতি আজিজুল হক, সাধারণ সম্পাদক আব্দুল কুদ্দুস।

বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়নের দিক তুলে ধরে বক্তারা বলেন, বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি অধ্যাপক ফরহাদ হোসেন দোদুল এমপি মহোদয়ের নেতৃত্বে মেহেরপুরে বইছে উন্নয়নের জোয়ার৷

উন্নয়নের ধারা অব্যাহত রাখতে ও মেহেরপুরে সুস্থ ধারার রাজনীতি প্রতিষ্ঠিত করতে ফরহাদ হোসেনর সঙ্গে থাকার আহ্বান জানান নেতা কর্মীরা৷

এছাড়াও ঐক্যবদ্ধ থেকে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার প্রত্যয় ব্যাক্ত করেন।

সভা সঞ্চালনা করেন ইউনিয়ন তাঁতীলীগের সাধারণ সম্পাদক সাজেদুল ইসলাম।

মেপ্র/এমএফআর

খালেদা জিয়াকে জামিন দেওয়া না দেওয়া আদালতের বিষয়

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, বিএনপি একটি রাজনৈতিক দল। রাজনৈতিক দল হিসেবে বিএনপির চেয়ারপার্সন খালেদা জিয়ার মুক্তির দাবিতে আন্দলন করতেই পারে। কিন্তু আজ জনগণ তাদের প্রত্যাখান করেছে।

যে কারণেই তারা আন্দোলন করলেও জনগণকে পাচ্ছে না। তিনি বলেন, খালেদা জিয়া আদালতের একটি রায়ে কারান্তরিণ রয়েছেন। তাকে জামিন দেওয়া হবে কি হবে না সেটি আদালত বিবেচনা করবে।

রবিবার সকালে মেহেরপুরের মজিবনগর স্মৃতি কমপ্লেক্স পরিদর্শনকালে তিনি সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা গুলো বলেন।

মন্ত্রী পুলিশ বিভাগ নিয়ে বলেন, পুলিশও এদেশের একজন মানুষ। সেও ভুল করতেই পারে। সে ভুল করলে আইনুনাযাযী তার বিচার হবে। তবে দশ বছর আগের পুলিশ আর এখনকার পুলিশ এক নয়।

মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স পরিদর্শন শেষে তিনি মেহেরপুর সদর উপজেলার ঐতিহাসিক আমঝুপি নীলকুঠি পরিদর্শন করেন। পরে বিকালে মেহেরপুর শহীদ ড. সামসুজ্জোহা পার্কে জেলা পুলিশের আয়োজনে মাদক, সন্ত্রাস ও জঙ্গী বিরোধী জনসমাবেশে প্রধান অতিথির বক্তব্য দেন।

এসময় তিনি বলেন, দশ এগারো বছর আগে আপনারা যে পুলিশ বাহিনী দেখেছেন, এখনকার পুলিশ আর সেই যায়গায় নাই। সন্ত্রাস জঙ্গিবাদ নিয়ন্ত্রণে পুলিশ এখন যথেষ্ট সক্ষম ও জনবান্ধব।

মন্ত্রী বলেন, ২০০৮ সালের বর্তমান প্রধান মন্ত্রী শেখ হাসিনা ঘোষনা দিয়েছিলেন, বাংলাদেশকে বদলে দিবেন। তিনি এরই মধ্যে বাংলাদেশকে বদলে দিয়েছেন। জঙ্গি ও মাদক নিয়ন্ত্রণে জিরো টলারেন্স নীতির কথা বলেন । বাংলাদেশে আগে যে মাদক নিয়ন্ত্রন

বিভাগ ছিল, সেটা গুটি কয়েক জনবল নিয়ে খুড়িয়ে খুড়িয়ে চলতো। কিন্তু বর্তমান সরকার মাদক নিয়ন্ত্রণ বিভাগকে জনবলসহ পুরোপুরি ঢেলে সাজানো হয়েছে। মাদক নিয়ন্ত্রণে ইতিমধ্যে এই বিভাগ সফলতার সাথে সক্রিয় ভূমিকা পালন করছে।

মাদকাসক্ত ঐশির মতো আর যেন কেউ বাবা মাকে হত্যা করতে না পারে সেজন্য দিন রাত কাজ করছে পুলিশসহ প্রশাসনের সকল বিভাগ।

মেহেরপুরের পুলিশ সুপার এস এম মুরাদ আলীর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর- ১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন, মেহেরপুর -২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন, খুলনা রেঞ্জের ডিআইজি ড. মহিদ উদ্দিন বিপিএম (বার), জেলা প্রশাসক মো: আতাউল গনি, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, সহসভাপতি এম এ হালিম, জেলা কমিউনিটি পুলিশিং কমিটির সভাপতি ডা. এম এ বাশার।

জনসমাবেশ মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, পৌর মেয়র মাহফুজুর রহমান, উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলামসহ বিভিণ্ন শ্রেণী পেশার মানুষ অংশ নেন।

মেপ্র/এমএফআর

বিদ্যুৎ-পানির দাম বৃদ্ধির প্রতিবাদে সারা দেশে মানববন্ধন করবে বিএনপি

বিদ্যুৎ ও পানির দাম বৃদ্ধির প্রতিবাদে আগামী সোমবার সারা দেশে মানববন্ধন কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি।

শনিবার নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী এ কর্মসূচি ঘোষণা করেন।

রিজভী বলেন, বিদ্যুৎ ও ওয়াসার পানির দাম বৃদ্ধির গণবিরোধী সিদ্ধান্তের প্রতিবাদে আগামী ২ মার্চ (সোমবার) ঢাকা মহানগরসহ সারাদেশে জেলা সদর ও মহানগরে মানববন্ধন কর্মসূচি পালিত হবে।

ঢাকায় ওই মানববন্ধন জাতীয় প্রেসক্লাবের সামনে বেলা ১১টায় শুরু হয়ে ১২টা পর্যন্ত চলবে বলে জানান তিনি।

তিনি আরও বলেন, আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর থেকে গত ১২ বছরে মোট ১৩ বার ওয়াসার পানির দাম বেড়েছে। একই সময়ে পানির দাম প্রায় চার গুণ বৃদ্ধি পেয়েছে।

রিজভী বলেন, আগামী এপ্রিল মাস থেকে গ্রাহকদের আগের চেয়ে ২৫ শতাংশ বেশি দাম দিয়ে ওয়াসার পানি কিনতে হবে। তবে সেই পানি বিশুদ্ধ হবে কি না তার কোনো গ্যারান্টি নেই।

বিএনপির মুখপাত্র বলেন, গ্যাসের দাম বাড়ানোর পর গত বৃহস্পতিবার সরকারের নির্দেশে বিইআরসি কর্তৃক গ্রাহক পর্যায়ে বিদ্যুতের দাম বাড়ানো সম্পূর্ণরুপে জনস্বার্থ পরিপন্থি।

সরকারের এসব গণবিরোধী সিদ্ধান্ত নিজেদের লুটপাটকে অব্যাহত রাখা এবং দেশের মানুষকে শোষণ করে কঙ্কালসার বানানোই সরকারের একমাত্র উদ্দেশ্য বলে মন্তব্য করেন তিনি।

সুত্র-যুগান্তর

কুতুবপুর ইউনিয়নে বিসিএল এর কমিটি গঠন

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের বাংলাদেশ ছাত্রলীগ (বিসিএল) এর কমিটি গঠন করা হয়েছে। শুক্রবার বিকালে কুতুবপুর

গ্রামে এ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় বাংলাদেশ ছাত্রলীগ বিসিএল এর মেহেরপুর জেলা শাখার সভাপতি নুরু উছ-ছাপা প্লাবন তুহিন রেজাকে সভাপতি ও স্বাধিন রানাকে সাধারণ সম্পাদক হিসেবে নাম ঘোষনা করেন।

৯ সদস্যের এই কমিটির অন্য সদস্যরা হলেন, সদস্য মাজেদুল ইসলাম, ইউস্ফু হাসান, হিমেল, রবিন, সবুজ, বাকিব, বিজন।

এসময় উপস্থিত ছিলেন, সদর উপজেলা সভাপতি সাব্বির হোসেন, সহ সভাপতি মিঠুন।

মেপ্র/আরপি

গ্রামকে শহরে রুপান্তর করার কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে-প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষণা দিয়েছিল প্রতিটি গ্রামকে শহরে পরিণত করা হবে। গ্রামকে শহরে রুপান্তর করার কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে। এখন গ্রাম গুলোতে কাচা রাস্তা খুজে পাওয়া মুশকিল। দোর গোড়ায় চিকিৎসা সেবা, তথ্য প্রযুক্তি সেবা সহ প্রয়োজনীয় সকল সেবা এখন গ্রাম থেকেই পাচ্ছে জনগণ।

কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি কে সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি আরও বলেন, আমরা মুজিবনগর মেহেরপুরের মানুষ। বাংলাদেশের যেকোন জায়গায় আমাদের পরিচয় দিতে গর্ব হয়।

বর্তমান সরকারের উন্নয়ন কর্মকান্ড তুলে ধরে তিনি বলেন, বাংলাদেশের এমন কোন জায়গা নেই যেখানে উন্নয়ন হচ্ছে না।

প্রত্যেকটি ক্ষেত্রে উন্নয়নের জোয়ার বয়ে যাচ্ছে।

মেহেরপুরের ভৈরব খনন, শিক্ষা প্রতিষ্ঠানে দৃষ্টি নন্দন ভবন নির্মান, বিভিন্ন জায়গায় রাস্তা নির্মান, মেহেরপুর থেকে কুষ্টিয়া পর্যন্ত চার লেন সড়কের অনুমোদন সহ বিভিন্ন উন্নয়ন মূলক কাজ তুলে ধরে জনগনকে সরকারের পাশে থাকার আহবান জানান ফরহাদ হোসেন এমপি।

এছাড়াও তিনি বলেন, ভৈরব নদের বাকি অংশ খনন করার কাজ ও মেহেরপুরে রেল সংযোগের কাজ দ্রুত শুরু হবে। আগামী কয়েক বছরের মধ্যে মেহেরপুরে আর কোন কাজ বাকি থাকবে না।

শুক্রবার বিকালে কুলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে এই সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ইদ্রিস আলী মাস্টার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সহ সভাপতি আব্দুর রব, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ইব্রাহিম শাহীন, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বোরহান উদ্দিন চুন্ন, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান মোমিনুল ইসলাম, জেলা আওয়ামী লীগের সদস্য আনারুল ইসলাম, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শাহজামান, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বাবুল, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল, জেলা যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরণ, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সাবেক সভাপতি আরিফুর রহমান, যুবলীগ নেতা সেলিম রেজা প্রমুখ।

মেপ্র/আরপি

প্রধানমন্ত্রীর দেওয়া মন্ত্রীত্ব আমার কাছে একটি

আমানত- জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি বলেছেন,বাংলাদেশের ভিতর যে জায়গাটি সবচেয়ে গুরুত্বপূর্ন জায়গা। সেই জায়গা পরিচালনা করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা আমাকে প্রতিমন্ত্রী করেছেন। আমাকে বিশ্বাস করে তিনি জনপ্রশাসন মন্ত্রালয়ের এই গুরুত্বপূর্ন দায়িত্ব দিয়েছেন।

আর মাননীয় প্রধানমন্ত্রীর দেওয়া মন্ত্রীত্ব আমার কাছে একটি আমানত। আমি আমার আমানত রক্ষার্থে, প্রধানমন্ত্রীর বিশ্বাস ধরে রাখতে ও মেহেরপুরের মুখ উজ্জল করার জন্য নিরলস ভাবে কাজ করে যাচ্ছি। আশা করি আপনাদের চাওয়া, ও মাননীয় প্রধানমন্ত্রীর বিশ্বাস আমি কখনো ক্ষুন্ন হতে দিবনা।

বৃহস্প্রতিবার বিকালে মুজিবনগরের বল্লভপুর খেলার মাঠে অনুষ্ঠিত বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের আয়োজনে গনসংবর্ধনা ও সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসকল কথা বলেন ।

প্রতিমন্ত্রী বলেন,বাংলাদেশের ভিতর মেহেরপুরের এই ঐতিহাসিক মুজিবনগর একটি সম্মানজনক জায়গা। আর এই জায়গা উন্নয়নের জন্য আপনার জেলা থেকে একজন প্রতিমন্ত্রী দিয়েছে মাননীয় প্রধানমন্ত্রী।মুজিবনগরের জন্য ইতিমধ্যে অনেক পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। সেগুলোর কাজ সব আস্তে আস্তে করা হবে।
আগামী ২১ সালের মধ্যে বাংলাদেশ একটি মধ্যেমআয়ের দেশে পরিনিত হবে।

বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মজিবুর রহমান মধুর সভাপতিত্বে এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহিন, আইন বিষয়ক সম্পাদক অ্যাড. পল্লব ভট্টাচার্য, জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আয়ূব হোসেন।মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি জিয়াউদ্দীন বিশ্বাস, সাধারন সম্পাদক আমাম হোসেন মিলু।

অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সাধারন সম্পাদক নজরুল ইসলাম। এ সময় আওয়ামীলীগের বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে প্রতিমন্ত্রীকে ফুলের শুভেচ্ছা জানানো হয়।

বর্তমানে মাথাপিছু আয় ২হাজার মার্কিন ডলার- জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি বলেছেন, তরুণদের কাজে লাগাতে হবে, নিজের পায়ে দাড়তে হবে। ইতিমধ্যে দেশ এখন নিম্মমধ্যম আয়ের দেশে পরিণত হয়েছে। বর্তমানে আমাদের মাথাপিছু আয় ২ হাজার মার্কিন ডলার।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসনের কার্যালয় চত্বরে আঞ্চলিক এসএমই পণ্য মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

প্রতিমন্ত্রী আরো বলেন, শেখ হাসিনার নেতৃত্বে আগামি ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে পরিণত হবে। ২০৩০ সালের মধ্যে সমৃদ্ধির বাংলাদেশের দিকে এগিয়ে যাচ্ছে। ২০৪১ সালে বাংলাদেশ উন্নত দেশগুলোর কাতারের উন্নিত হবে।

জেলা প্রশাসক মো: আতাউল গনির সভাপতিত্বে অনুষ্টানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার এস এম মুরাদ আলী, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ সরদার শফিউল আলম. মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর জেলা শিল্প ও বণিক সমিতির সাধারণ সম্পাদক আরিফুল এনাম বকুল।

মেলায় বিভিন্ন উদ্যোক্তা তাদের উৎপাদিত পণ্যর সমাহার নিয়ে স্টল সাজিয়েছেন।

খালেদা জিয়ার জামিন আবারো নাকচ করলো হাইকোর্ট

জিয়া চ্যারিটেবল ট্রাস্ট দুর্নীতি মামলায় দণ্ডিত হয়ে কারাগারে আটক বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার জামিন আবেদন খারিজ করে দিয়েছে আদালত। অর্থাৎ এ দফাতেও জামিন পেলেন না খালেদা।

বৃহস্পতিবার বেলা ১১টার দিকে আদালতে মামলার শুনানি শুরু হয়। সে সময়ে হাইকোর্টের আদেশ অনুযায়ী খালেদা জিয়ার সর্বশেষ স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন আদালতে দাখিল করা হয়।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) থেকে পাঠানো তার চিকিৎসা সংক্রান্ত প্রতিবেদনে জানানো হয় যে, খালেদা জিয়া বিএসএমএমইউ হাসপাতালে উন্নত চিকিৎসার জন্য সম্মতি দেননি।

এরপর খালেদা জিয়ার আইনজীবীরা বিশেষায়িত হাসপাতালে তার উন্নত চিকিৎসার জন্য হাইকোর্টে আবেদন জানান।

কিন্তু আদালত তার স্বাস্থ্য রিপোর্ট পড়ে সেই আবেদন খারিজ করে দেন।

রিপোর্টে, খালেদা জিয়ার ডায়াবেটিস, শ্বাসকষ্টজনিত সমস্যা ও রক্তচাপ নিয়ন্ত্রণে আছে উল্লেখ রয়েছে বলে জানা গেছে।

তবে বিএসএমএমইউ-তে উন্নত চিকিৎসা সম্ভব উল্লেখ করে আদালত নির্দেশ দিয়েছে যেন খালেদা জিয়ার সম্মতির ভিত্তিতে দ্রুত তার চিকিৎসা শুরু করা হয়।

বৃহস্পতিবার বিচারপতি ওবায়দুল হাসান ও বিচারপতি এ কে এম জহিরুল হকের হাইকোর্ট বেঞ্চে প্রতিবেদনটি দাখিল করেন সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেল মো. আলী আকবর।

এর আগে গত রোববার উন্নত চিকিৎসার জন্য খালেদা জিয়া সম্মতি দিয়েছেন কিনা, সম্মতি দিলে চিকিৎসা শুরু হয়েছে কিনা এবং চিকিৎসা শুরু হলে কী অবস্থা তা জানাতে বিএসএমএমইউ এর উপাচার্যকে নির্দেশ দিয়েছিলেন হাইকোর্ট।

মেপ্র/আরপি

[redacted]

[redacted]

মুজিবনগরে যুব মহিলা লীগের উঠান বৈঠক

সরকারের সাফল্য ও জননেত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা পৌঁছে দিতে বাংলাদেশ যুব মহিলা লীগ মেহেরপুর জেলা শাখার আয়োজনে মুজিবনগর উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকালে মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের শিবপুর গ্রামে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

উক্ত উঠান বৈঠকে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুব মহিলা লীগের কার্যনির্বাহী কমিটির অন্যতম সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী পত্নী সৈয়দা মোনালিসা ইসলাম।

মোনাখালী ইউনিয়ন যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক মরিয়ম খাতুনের সভিপতিত্বে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সভাপতি সামিউন বাশিরা পলী, সাধারণ সম্পাদক রুতশোভা মন্ডল।

এ সময় বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তোকলিমা খাতুন, সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, মোনাখালী ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি শিমুল রেজা প্রমুখ।

মেপ্র/আরপি